কখনোই না। আমি তাকে জাহান্নামে দেখেছি একটি চাদর অথবা আংরাখা (বুক-খোলা লম্বা ও ঢিলা জামা) এর কারণে, যা সে (গনীমতের মাল থেকে) চুরি করেছিল।

উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মরফূ‘ হিসেবে বর্ণিত, যখন খাইবারের যুদ্ধ হলো, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কিছু সাহাবী এসে বললেন,
‘অমুক শহীদ, অমুক শহীদ।’ অতঃপর তাঁরা একটি লোকের পাশ দিয়ে অতিক্রম করলেন এবং বললেন, ‘অমুক শহীদ।’ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, কখনোই না। আমি তাকে জাহান্নামে দেখেছি একটি চাদর অথবা আংরাখা (বুক-খোলা লম্বা ও ঢিলা জামা) এর কারণে, যা
সে (গনীমতের মাল থেকে) চুরি করেছিল।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, যখন খাইবারের যুদ্ধ হলো, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কিছু সাহাবী এসে বললেন, ‘অমুক শহীদ, অমুক শহীদ।’ অতঃপর তাঁরা একটি লোকের পাশ দিয়ে অতিক্রম করলেন এবং বললেন, ‘অমুক শহীদ।’ তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “কখনোই না, আমি তাকে একটি আংরাখার কারণে জাহান্নামে দেখেছি, যা সে নিজে নেওয়ার জন্যে গোপন করেছিল। এ কারণে তাকে জাহান্নামে শাস্তি দেওয়া হচ্ছে এবং এই মহান গুণ ‘আল্লাহর রাস্তায় শাহাদত’ তার থেকে নাই হয়ে গেছে।

http://sunnah.global/hadeeth/bn/show/4238